গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(সংস্থাপন শাখা)
www.sylhet.gov.bd

স্মারক নং-০৫.৬০.৯১০০.০০৬.১১.০০১.১৫- ৬৬৬

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২২ / ১১ আগস্ট ২০১৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫ জুলাই ২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১৯.১৪-১৩৬ এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর ০৪ আগস্ট ২০১৫ তারিখের ০৫.৬০.০০০০.০০১.১১.০০৫.১৫-৯০০ নং স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ওসমানীনগর, সিলেট এর নিম্নবর্ণিত শূণ্যপদের বিপরীতে প্রদর্শিত ২০০৯ সনের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন-ভাতায় অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে সিলেট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অফিসের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতনস্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৫২০০-১১২৩৫/- | ০১(এক) | (ক) উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাস। (খ) সাঁটলিপিতে ইংরেজী ও বাংলা যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দের গতিসম্পন্ন এবং কম্পিউটার Word Processing/Data Entry & Typing ইত্যাদিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ হতে হবে। |
| ০২ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৪৭০০-৯৭৪৫/- | ০২(দুই) | (ক) উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাস। (খ)কম্পিউটারWord Processing/Data Entry & Typing ইত্যাদিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ হতে হবে। |

শর্তাবলী :

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

০২। অফিসের নির্ধারিত আবেদন ফরমটি www.sylhet.gov.bd ওয়েবসাইটের প্রথম পাতার 'নোটিশ বোর্ড' সেকশনে এবং এ কার্যালয়ের সংস্থাপন শাখায় পাওয়া যাবে। নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটার টাইপে যথাযথভাবে পূরণ পুর্বক নির্ধারিত স্থানে স্বাক্ষর করে দাখিল করতে হবে। আবেদনের সাথে নির্ধারিত প্রবেশ পত্র ও প্রতিপাদন পত্রও পূরণ পূর্বক আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৩। আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা সনদ ব্যতিত অন্য কোন সনদপত্রের অনুলিপি দাখিলের প্রয়োজন নেই।

০৪। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে :

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।

(খ) সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।

(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) সাঁটলিপি ও কম্পিউটার প্রশিক্ষণের মূল সনদপত্রের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।

০৫। প্রার্থীর বয়স ২৩/০৯/২০১৫ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৬। (ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকুরি প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা/মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত কপি অথবা মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের ছায়ালিপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এরূপ সনদ ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না।

(খ) প্রার্থী যদি মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হয় সেক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক উল্লেখপূর্বক ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ০১ কপি প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৭। পরীক্ষার ফি বাবদ হিসাব কোড নং-১-০৭৪২-০০০০-২০৩১ খাতে ১০০/- (একশত) টাকা (অফেরৎযোগ্য) ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৮। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদন পত্রের সাথে নিজের নাম,ঠিকানা লিখিত ০৬/- (ছয়) টাকার ডাকটিকেট (অব্যবহৃত) লাগানো ১০.৫″X ৪.৫″ সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।

০৯। আগামী ২৩ সেপ্টেম্বর ২০১৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে জেলা প্রশাসক, সিলেট এর কার্যালয়ে অথবা এ কার্যালয়ে স্থাপিত দরখাস্ত গ্রহণ বাক্সে আবেদনপত্র পৌছাতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১০। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। চাকুরীরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য নয়।

১১। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

১২। ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণীর কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৪। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৫। আবেদনপত্রে বর্ণিত যে কোনো তথ্য যে কোন পর্যায়ে ভূঁয়া/মিথ্যা প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে বর্ণিত সকল তথ্যের স্বপক্ষে দলিলাদি/ মূল সনদপত্র দাখিল করতে হবে।

১৭। আবেদনকারীগণকে খামের উপরে পদের নাম ও কোটা স্পষ্টাক্ষরে লিখতে হবে।

১৮। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

(মোঃ জয়নাল আবেদীন)
জেলা প্রশাসক
সিলেট।
ফোন নং- ০৮২১-৭১৬১০০
Email: dcsylhet@gmail.com

স্মারক নং-০৫.৬০.৯১০০.০০৬.১১.০০১.১৫- ৬৬৫ (২০)

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২২ / ১১ আগস্ট ২০১৫

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, সিলেট।

অবগতি ও বহুল প্রচারের জন্য :

০৩। জেলা প্রশাসক, ........................................ (সকল)।

০৪। পুলিশ সুপার, সিলেট।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, ........................................ (সকল), সিলেট।

০৬। আঞ্চলিক পরিচালক, বিজ্ঞপ্তি বিভাগ, বাংলাদেশ বেতার, সিলেট। বিজ্ঞপ্তিটি আগামী ২৩/০৯/২০১৫ তারিখের পূর্বে কয়েকদিন বেতারের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৭। সহকারী কমিশনার (ভূমি), ........................................ (সকল), সিলেট।

০৮। জেলা তথ্য অফিসার, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৯। সম্পাদক, দৈনিক সিলেটের ডাক / দৈনিক উত্তরপূর্ব। উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৫/০৮/২০১৫ তারিখের মধ্যে ০১ (এক) বার তাঁর পত্রিকায় প্রকাশ করে পত্রিকার ০৫ (পাঁচ)টি কপি জেলা প্রশাসক, সিলেট বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০। নোটিশ বোর্ড।

১১। অফিস নথি।

জেলা প্রশাসক
সিলেট।